

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৭২.১৩১.০১.০০.০১৯.২০১১-১৬০

তারিখঃ ০৩.০৩.২০১৫ খ্রিঃ

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “যক্ষা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ (কোড নং-৫-২৭১১-৫০৮০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে ৩য় কিস্তির অর্থ ছাড় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২৮.০৮.২০১৪ তারিখের ৪৫.১৭২.১৩১.০১.০০.০১৯.২০১১-৫২৭ সংখ্যক সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী এই মর্মে আদিষ্ট হয়ে যক্ষা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ (কোড নং-৫-২৭১১-৫০৮০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে ৩য় কিস্তি বাবদ ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের/ কর্মসূচির নাম ও কোড নম্বর	অনুমোদিত/পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্তকৃত অর্থ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	“যক্ষা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ (কোড নং-৫-২৭১১-৫০৮০)	অনুমোদিত	২য়	৯৫.০০ লক্ষ	৫.০০ লক্ষ	১০০.০০ লক্ষ

- ০২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটে যক্ষা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ (কোড নং-৫-২৭১১-৫০৮০) শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।
- ০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত।
- ০৪। এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- ০৫। এ আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়-কে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শর্তে জারী করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) ওপি'র সংস্থান অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয় করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;


(ঘ) বিভিন্ন কোড ও সাব-কোড এর বিপরীতে গৃহীত বরাদ্দ বা ব্যয় অনুমোদিত ওপিতে ঐ কোড ও সাব-কোড এর বিপরীতে ওপির ৫ বছরের সংস্থানের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে-এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর দায়ী থাকবেন।

২৪/৩/১৫  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৫৩  
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, যক্ষ্মা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৭। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব